- ১৫ মিনিট — GRE Vocabulary, নতুন শব্দ অল্প, পুরোনো শব্দের পুনরাবৃত্তি বেশি।
- ৪৫ মিনিট — এই বই, এক সময়ে একটি অধ্যায়, অনুশীলনসহ।
- ১৫ মিনিট — GRE Grammar, কেবল যে কাঠামোটা আজকের প্যাসেজে আটকেছে সেটি।
- সপ্তাহে একদিন — আগের সপ্তাহের ভুলগুলো আবার, নতুন কিছু নয়।

এই ভাগটা আমাদের নিজস্ব সুপারিশ, ETS-এর কোনো নির্দেশনা নয়। আপনার সময় ও শুরুর অবস্থা অনুযায়ী পাট্টে নিন।

1.3 বইয়ের কাঠামো (How the Book Is Laid Out)

বইটি ছয়টি পর্বে সাজানো, আর ক্রমটা একটা যুক্তি মেনে চলে: আগে পরীক্ষাটা কী চায় তা জানা, তারপর পড়ার দক্ষতা, তারপর প্রশ্ন-ধরনগুলো একটা একটা করে, শেষে সময় ও পূর্ণ সেট।



চিত্র ১.২. বইয়ের ছয়টি পর্ব। পর্ব ২ বাদ দিয়ে সোজা পর্ব ৩-এ গেলে প্রতিটি প্রশ্ন-ধরন আলাদা নিয়মের সংগ্রহ মনে হবে, একটাই দক্ষতার প্রয়োগ মনে হবে না।

পর্ব ২ সবচেয়ে বেশি উপেক্ষিত হয়, কারণ ওতে কোনো প্রশ্ন-ধরনের নাম নেই — তাই দেখে মনে হয় “তত্ত্ব”। আসলে পর্ব ৩, ৪ ও ৫ পুরোটাই পর্ব ২-এর উপর দাঁড়ানো। সংকেত-শব্দের অধ্যায়টা না পড়ে Text Completion-এ ঢোকা মানে কোন ফাঁকা জায়গায় কী বসবে তা আন্দাজ করার একমাত্র যন্ত্রটা ফেলে রেখে যাওয়া।

1.4 অনুশীলনের দুই মোড (Two Modes of Practice: Timed and Untimed)

পরীক্ষার কাঠামো এই অধ্যায়ের বাকি সব পরামর্শের শর্ত ঠিক করে দেয়। Verbal দুটি সেকশনে: প্রথমটিতে ১২টি প্রশ্ন, সময় ১৪ মিনিট; দ্বিতীয়টিতে ১৫টি প্রশ্ন, সময় ২৩ মিনিট। অর্থাৎ প্রতি প্রশ্নে ১.৫ মিনিট — Quantitative যা পায় তার চেয়ে কম (সূত্র: ETS Official Guide to the GRE General Test, ২০২৫)। এই সংখ্যাটা মনে রাখুন, কারণ অনুশীলনের দুটো মোড আসলে দুটো আলাদা প্রশ্নের উত্তর দেয়: “আমি কি এটা পারি?” আর “আমি কি এটা ১.৫ মিনিটে পারি?”

বেশিরভাগ পাঠক দুটোর একটা বেছে নেন, আর দুটো ভুলই সমান ব্যয়বহুল। যিনি কেবল সময়সহ অনুশীলন করেন, তিনি একই ভুল দ্রুততর গতিতে করতে শেখেন। যিনি কেবল সময় ছাড়া করেন, তিনি সঠিক উত্তর বের করতে শেখেন — কিন্তু এমন গতিতে, যে গতিতে পরীক্ষায় অর্ধেক প্রশ্ন অস্পষ্ট থেকে যাবে।

সংকেত-শব্দ (Signal Words and What Each Predicts)

একটা পরীক্ষার হলের দৃশ্য ভাবুন। জ্বিনে একটা Text Completion এসেছে, তিন লাইনের একটা অনুচ্ছেদ, মাঝখানে একটা ফাঁকা জায়গা। আপনি অনুচ্ছেদটা পড়লেন, এবং পড়া শেষ হতেই চোখ চলে গেল নিচের পাঁচটা অপশনে। পাঁচটার মধ্যে তিনটে শব্দ আপনি চেনেন না। বুকটা ধক করে উঠল, আর মাথায় একটাই বাক্য ঘুরতে লাগল — “আমার ভোকাবুলারি দুর্বল, তাই পারছি না।”

কথাটা অর্থসত্য। কারণ ওই একই অনুচ্ছেদে একটা শব্দ ছিল — **although** কিংবা **moreover** কিংবা শুধু একটা কোলন — যেটা আপনাকে বলে দিচ্ছিল ফাঁকা জায়গায় শব্দটা ধনাত্মক না ঋণাত্মক, আগের কথার সঙ্গে মিলবে না উল্টো যাবে। সেই এক টুকরো তথ্য হাতে থাকলে পাঁচটা অপশনের তিনটে সঙ্গে সঙ্গে বাদ পড়ে যায় — যে শব্দগুলো আপনি চেনেন না, তাদেরও অনেকগুলো বাদ পড়ে, কারণ চেনা-অচেনার আগে দিকটা মেলাতে হয়।

এই অধ্যায় সেই এক টুকরো তথ্যের অধ্যায়। ETS-এর নিজের Text Completion পরামর্শের দ্বিতীয় ধাপটাই হলো: অনুচ্ছেদের যে শব্দগুলো **কাঠামো চিহ্নিত করে** সেগুলো আগে খুঁজে নিন — ETS উদাহরণ হিসেবে নাম ধরে বলে **although** আর **moreover**। আর তৃতীয় ধাপ: অপশনে তাকানোর আগেই ফাঁকা জায়গায় নিজের একটা শব্দ বসান (সূত্র: ets.org/gre)। তৃতীয় ধাপটা দ্বিতীয় ধাপ ছাড়া অসম্ভব। তাই এই অধ্যায়টা Text Completion-এর ইঞ্জিন — এবং Sentence Equivalence ও Reading Comprehension দুটোরই চাকা একই ইঞ্জিনে ঘোরে।

এই অধ্যায়ে যা শিখবেন:

- সংকেত-শব্দ মানে কী, আর কেন এগুলোকে বর্ণানুক্রমে নয় — **কী পূর্বাভাস দেয়** সেই অনুযায়ী সাজালে কাজে লাগে।
- সাতটা গোষ্ঠী: বৈপরীত্য, ধারাবাহিকতা, কারণ, ছাড়, উদাহরণ, জোর, ক্রম — প্রত্যেকটার পরে **কী থাকতেই হবে**।
- কীভাবে শুধু সংকেত দেখেই ফাঁকা জায়গার **দিক** (ধনাত্মক না ঋণাত্মক) ঠিক করে ফেলা যায় — কোনো ভোকাবুলারি লাগার আগেই।
- ছাড়-সংকেতের দ্বিগুণ মোড়: **although X, Y** মানে লেখক **Y-এর পক্ষে**, X-এর পক্ষে নয় — এই জায়গাতেই সতর্ক পাঠকও হারান।
- শব্দ ছাড়া সংকেত: কোলন, সেমিকোলন, ড্যাশ, এবং বাক্যের ভেতরকার নীরব মোড়।
- পুরো ক্যাটালগ একটা রেফারেন্স টেবিল হিসেবে — পরে ফিরে দেখার জন্য।
- পিভট-পূর্বাভাস শটকাট: পিভট পর্যন্ত পড়ুন, দিক ঠিক করুন, **তারপর** অপশনে তাকান।
- মৌলিক অনুশীলনী — এক, দুই ও তিন ফাঁকার আইটেম, প্রত্যেকটার পূর্ণ ব্যাখ্যা।

7.1 সংকেত-শব্দ বলতে কী বোঝায় (What a Signal Word Is)

একটা একাডেমিক বাক্যের দুই রকম শব্দ থাকে। **বিষয়বস্তুর শব্দ** (content words) বলে বিষয়টা কী — **sediment, enrolment, subsidy**। আর **কাঠামোর শব্দ** (structural words) বলে অংশগুলো একে অন্যের সঙ্গে কী করছে — মিলছে, উল্টে যাচ্ছে, কারণ হচ্ছে, উদাহরণ দিচ্ছে।

বিষয়বস্তুর শব্দ না জানলে আপনি আটকে যান। কিন্তু কাঠামোর শব্দগুলো সংখ্যায় অল্প — দুই-আড়াইশোর মতো, এবং তাদের প্রায় সবগুলোই আপনি এক সপ্তাহে শিখে ফেলতে পারেন। এই অল্প তালিকাটাই GRE Verbal-এর সবচেয়ে বেশি রিটার্ন দেওয়া তালিকা, কারণ এগুলো প্রতিটি প্রশ্নে ফিরে আসে, আর প্রতিবার একই কাজ করে।

মূল নীতি (The Core Principle)

সংকেত-শব্দ কোনো অনুভূতি দেয় না, দেয় **সীমাবদ্ধতা**। একটা সংকেত পড়ার পর পরের অংশটা যা-ই হোক, সেটা একটা নির্দিষ্ট শ্রেণির মধ্যেই পড়তে বাধ্য। তাই সংকেত পড়া মানে পরের অংশটা অনুমান করা নয় — **পরের অংশটা কী হতে পারে না সেটা জেনে ফেলা**।

একটা উদাহরণে দেখুন। নিচের বাক্যে বিষয়বস্তুর শব্দগুলো ইচ্ছে করে অর্থহীন করে দিয়েছি:

Although the zemsil was widely praised, its curators found it _____ (1) .

আপনি জানেন না zemsil কী, curator-রা কী নিয়ে কাজ করছেন, কিছুই জানেন না। তবু আপনি জানেন ফাঁকা জায়গায় শব্দটা **ঋণাত্মক** হতে বাধ্য, কারণ **Although** + “widely praised” মিলে পরের অংশে প্রশংসার উল্টোটা দাবি করছে। পাঁচটা অপশনের মধ্যে যেগুলো ধনাত্মক, সেগুলো সব বাদ — একটাও শব্দের মানে না জেনেই। এটাই সংকেত-শব্দের ক্ষমতা।

although · but · yet · however whereas · despite · far from	দিক উল্টে যায় (+ → - বা - → +)
moreover · furthermore · indeed likewise · in addition · also	দিক একই থাকে, মাত্রা বাড়ে (+ → ++)
because · since · therefore consequently · thus · as a result	কারণ ⇒ ফল: পরের অংশ আগের অংশের ফলাফল
for example · such as · namely কোলন (:) · a case in point	পরের অংশ আগের দাবিটার ছোট, নির্দিষ্ট রূপ

চিত্র ৭.১. সংকেত থেকে পূর্বাভাস। বাঁ দিকে কী পড়লেন, ডান দিকে পরের অংশটা কী হতে বাধ্য। ভোকাবুলারি এখনো আসেনি।

7.2 পিভট এবং দিক (The Pivot and the Direction)

দুটো শব্দ এই অধ্যায়ে বারবার আসবে, তাই এখনই ঠিক করে নিই।

- **পিভট** (pivot) — বাক্যের সেই বিন্দু যেখানে সংকেত-শব্দটা বসে আছে। পিভটের আগে এক অংশ, পরে আরেক অংশ। পিভটই বলে দেয় দুই অংশের সম্পর্ক।
- **দিক** (direction বা polarity) — ফাঁকা জায়গার শব্দটা ধনাত্মক (+), ঋণাত্মক (−), না নিরপেক্ষ। আমরা একটা তৃতীয় চিহ্নও ব্যবহার করব: = মানে “আগের কোনো শব্দের সমার্থক”, আর ≠ মানে “আগের কোনো শব্দের বিপরীত”।

পরীক্ষার হলে আপনার মাথায় যে নোটটা তৈরি হবে সেটা দেখতে এরকম: “ফাঁকা = −, অর্থ মোটামুটি **unclear**”। এতটুকু বলতে পারলে কাজের নব্বই ভাগ শেষ। বাকি দশ ভাগ হলো পাঁচটা অপশনের মধ্যে কোনটা **unclear** -এর কাছাকাছি সেটা দেখা — আর সেটা ভোকাবুলারির কাজ, কাঠামোর নয়।

দিকনির্দেশক নোট নেওয়ার অভ্যাস

অনুশীলনের সময় প্রতিটা Text Completion-এর পাশে পেন্সিলে শুধু তিনটে জিনিস লিখুন: পিভট-শব্দটা, একটা চিহ্ন (+ / − / = / ≠), আর আপনার নিজের একটা সহজ ইংরেজি শব্দ। অপশন দেখার আগে। দশ দিন এভাবে করলে পরীক্ষার হলে আর পেন্সিল লাগবে না — নোটটা মাথার ভেতরেই তৈরি হয়ে যাবে।

7.3 গোষ্ঠী ১ — বৈপরীত্য (Group 1: Contrast)

সবচেয়ে বড় গোষ্ঠী, এবং GRE-র সবচেয়ে প্রিয়। বৈপরীত্য-সংকেত পড়লে এক কথা নিশ্চিত: **পিভটের দুই পাশে দুটো অংশ বিপরীতমুখী**। একদিক ধনাত্মক হলে অন্যদিক ঋণাত্মক; একদিকে প্রত্যাশা থাকলে অন্যদিকে প্রত্যাশা-ভঙ্গ।

বৈপরীত্যের পূর্বাভাস (What Contrast Predicts)

পিভটের আগের অংশের দিক খুঁজুন। ফাঁকা জায়গা পিভটের পরে থাকলে তার দিক হবে ঠিক উল্টো। ফাঁকা জায়গা পিভটের আগে থাকলে পরের অংশের উল্টোটা বসান। বৈপরীত্য-সংকেতের ভুল হয় শুধু একভাবে — ভুল অংশটার দিক মাপলে।

এই গোষ্ঠীর সদস্যদের চার ভাগে চিনে রাখুন, কারণ ব্যাকরণগত ব্যবহার আলাদা:

1. **সংযোজক অব্যয়** (clause + clause): **although, though, even though, whereas, while** (বৈপরীত্যের অর্থে), **but, yet**।
2. **ক্রিয়াবিশেষণ** (আলাদা বাক্য বা সেমিকোলনের পরে): **however, nevertheless, nonetheless, conversely, by contrast, on the other hand, instead, rather**।
3. **পদাঙ্কীয়** (noun phrase-এর সঙ্গে): **despite, in spite of, notwithstanding, regardless of, for all** (যেমন “for all his learning”), **contrary to**।
4. **অর্থগত মোড়** — কোনো সংযোজক নয়, শব্দের অর্থেই উল্টো আছে: **paradoxically, ironically, surprisingly, belie, belies, far from, anything but, hardly, if anything**।

চার নম্বর ভাগটা সবচেয়ে কম চোখে পড়ে এবং সবচেয়ে বেশি দামি। **belie** মানে “বাইরের চেহারা দিয়ে ভেতরের সত্যকে মিথ্যা প্রমাণ করা” — অর্থাৎ শব্দটার ভেতরেই একটা পূর্ণ বৈপরীত্য ঢোকানো আছে। **The building's plain facade belies the extravagance within** — facade সাদামাটা, ভেতরটা জমকালো। কোনো **but** নেই, কিন্তু মোড়টা আছে।

Text Completion

For each blank select one entry from the corresponding column of choices. Fill all blanks in the way that best completes the text.

Although the museum's new wing was praised in the architectural press for the daring sweep of its roofline, the curators who had to work inside it found the galleries so _____ (1) that two-thirds of the permanent collection remained in off-site storage.

- (A) capacious
- (B) luminous
- (C) cramped
- (D) symmetrical
- (E) ornate

বাংলা বিশ্লেষণ: পিভট **Although**। পিভটের আগের অংশ ধনাত্মক — “praised”, “daring sweep”। তাই পরের অংশ ঋণাত্মক হতে বাধ্য। আরও ভালো খবর: বাক্যটা নিজেই ঋণাত্মকতার ধরনটা বলে দিয়েছে — দুই-তৃতীয়াংশ সংগ্রহ বাইরে রাখতে হচ্ছে, অর্থাৎ সমস্যাটা জায়গার। অপশন দেখার আগেই নোট: “ফাঁকা = -, অর্থ too small”।

উত্তর ও ব্যাখ্যা (Answer & Explanation)

উত্তর: (C) cramped।

কেন বাকিগুলো নয়: (A) **capacious** মানে প্রশস্ত — দিক ঠিক উল্টো, এবং এটাই সেই ফাঁদ যেখানে পিভট না পড়া পাঠক পড়েন, কারণ “জায়গা” শব্দটা মাথায় আছে কিন্তু চিহ্নটা নেই। (B) **luminous** (আলোকোজ্জ্বল) ধনাত্মক এবং জায়গার কথা বলে না। (D) **symmetrical** নিরপেক্ষ বর্ণনা — কিউরেটরের অভিযোগের কারণ হতে পারে না, আর সংগ্রহ বাইরে রাখার সঙ্গেও যুক্ত হয় না। (E) **ornate** (অলংকারবহুল) roofline-এর প্রশংসার সঙ্গে মেলে, অর্থাৎ পিভটের ভুল দিকে বসে আছে।

কোথায় নম্বর যায়: ওই একটা **Although**-এ। সেটা পড়লে (A), (B), (E) তিনটেই দিকের কারণে বাদ, এবং পাঁচ থেকে দুইয়ে নেমে আসে প্রশ্নটা।

7.4 গোষ্ঠী ২ — ধারাবাহিকতা (Group 2: Continuation)

ধারাবাহিকতা-সংকেত বলে: পরের অংশ আগের অংশের **একই দিকে**, প্রায়ই আরও জোরালো রূপে। বৈপরীত্যের উল্টো প্রতিবেশী, কিন্তু অনেক পাঠক এদের উপস্থিতিই খেয়াল করেন না — কারণ “মিল” পড়লে মনে হয় কিছুই ঘটেনি।

সদস্যরা: **moreover, furthermore, in addition, additionally, besides, also, what is more, likewise, similarly, correspondingly, equally, just as ... so, not only ... but also, indeed, in fact**। দুটো সূক্ষ্মতা আলাদা করে মনে রাখুন।

- **likewise** ও **similarly** শুধু “একই দিক” নয়, “একই কাঠামো” দাবি করে — আগের অংশে যেমন X-এর ক্ষেত্রে P ঘটছে, পরের অংশে তেমনি Y-এর ক্ষেত্রে P ঘটবে। তাই ফাঁকা জায়গা থাকলে আগের বাক্যের সমান্তরাল শব্দটাই খুঁজুন।
- **indeed** ও **in fact** সবচেয়ে দুমুখো। সাধারণত এরা জোর দেয় (“শুধু তাই নয়, আরও তীব্রভাবে তাই”), কিন্তু “না, বরং” ধরনের বাক্যের পরে এলে এরা সংশোধন করে। পার্থক্যটা আগের বাক্যে নেতিবাচক শব্দ আছে কি না দেখে বুঝবেন।

Text Completion

For each blank select one entry from the corresponding column of choices. Fill all blanks in the way that best completes the text.

The commission's report was not merely critical of the water authority; it was _____ (1) , recommending that the body be dissolved outright and its functions transferred to the municipalities.

- (A) laudatory
- (B) tentative
- (C) damning
- (D) perfunctory
- (E) equivocal

বাংলা বিশ্লেষণ: পিভট এখানে একটা শব্দ নয়, একটা গঠন — **not merely X; it was ____**। এই গঠনটা ধারাবাহিকতার চূড়ান্ত রূপ: ফাঁকা জায়গায় এমন শব্দ চাই যেটা “critical”-এর একই দিকে কিন্তু আরও এক ধাপ উপরে। সেমিকোলনের পরের অংশটাও মাত্রাটা মেপে দিচ্ছে — সংস্থাটাকে একেবারে ভেঙে দেওয়ার সুপারিশ। নোট: “ফাঁকা = —, অর্থ **far worse than critical**”।

উত্তর ও ব্যাখ্যা (Answer & Explanation)

উত্তর: (C) damning।

কেন বাকিগুলো নয়: (A) **laudatory** প্রশংসাসূচক — দিক উল্টো, আর **not merely** গঠনটাকেই অর্থহীন করে দেয়। (B) **tentative** (সংকোচপূর্ণ) এবং (D) **perfunctory** (দায়সারা) দুটোই critical-এর চেয়ে দুর্বল — গঠনটা জোর বাড়াতে বলছে, কমাতে নয়; এই দুটোই সেই ফাঁদ যেখানে “ঋণাত্মক হলেই চলবে” ভেবে পাঠক পড়েন। (E) **equivocal** মানে দ্ব্যর্থক, দুই দিকেই ঝুঁকে থাকা — কিন্তু সুপারিশটা একমুখী ও কঠোর, কোনো দ্বিধা নেই।

কোথায় নম্বর যায়: (B) আর (D) বাদ দিতে পারা। ঋণাত্মক দিক ধরা সহজ; মাত্রা ধরা কঠিন, আর GRE এখানেই আলাদা করে।

বৈপরীত্য (Contrast)

সংকেত: although · but · yet · however · despite · whereas · far from

বাক্যের চেহারা: [+] although [-]

যা করতেই হবে: চিহ্ন পালটান।

ভুল হয়: ভুল পাশের দিক মাপলে।

ধারাবাহিকতা (Continuation)

সংকেত: moreover · furthermore · likewise · indeed · in addition · also

বাক্যের চেহারা: [-] moreover [- -]

যা করতেই হবে: চিহ্ন রাখুন, মাত্রা বাড়ান।

ভুল হয়: মাত্রা না মাপলে।

চিত্র ৭.২. দুই প্রতিবেশী গোষ্ঠী পাশাপাশি। বৈপরীত্যে চিহ্ন পালটায়; ধারাবাহিকতায় চিহ্ন একই থাকে কিন্তু মাত্রা বাড়ে — এবং GRE প্রায়ই মাত্রাটা দিয়েই পরীক্ষা নেয়।

সমার্থক শব্দের ফাঁদ (The Synonym Trap)

ধরুন পরীক্ষার হলে একটা Sentence Equivalence প্রশ্ন এল। ছয়টা অপশনের দিকে চোখ বুলিয়েই আপনি দেখলেন দুটো শব্দ পরিষ্কার সমার্থক — **stringent** আর **draconian**, দুটোরই মানে “কঠোর”। বাকি চারটে শব্দের দিকে আর তাকানোরই দরকার মনে হল না; আপনি দুটোতে ক্লিক করে পরের প্রশ্নে চলে গেলেন। সময় লাগল ২০ সেকেন্ড, আত্মবিশ্বাস ১০০ ভাগ, আর স্কোর শূন্য। সবচেয়ে ভয়ের কথাটা হল, ভুলটা আপনি কোনোদিন টেরই পেতেন না — কারণ শব্দ দুটো সত্যিই সমার্থক ছিল, শুধু বাক্যটার সঙ্গে তাদের কোনো সম্পর্ক ছিল না।

এই অধ্যায়টা Sentence Equivalence-এর সবচেয়ে গুরুত্বপূর্ণ অধ্যায়, এবং কারণটা অদ্ভুত: ETS নিজেই কথাটা একেবারে সোজাভাবে লিখে রেখেছে, অথচ কোচিং-ক্লাসে প্রায় কেউ এটা পড়ায় না। ETS-এর বাক্যটা হল — **do not simply hunt for two words that mean the same thing** (সূত্র: ets.org/gre)। অর্থাৎ ছয়টা অপশনের ভিতর “দুটো সমার্থক শব্দ” খোঁজা যে পদ্ধতিটা বাংলাদেশের প্রায় প্রতিটি ছাত্র শেখে, ETS সেটাকেই ভুল পদ্ধতি বলে চিহ্নিত করে দিয়েছে। এই অধ্যায়ে আমরা দেখব কেন সেটা ভুল, কোন দুইভাবে সেটা ফেল করে, আর তার জায়গায় কী করতে হয়।

এই অধ্যায়ে যা শিখবেন:

- ETS-এর নির্দেশনায় আসল শর্তটা কী — শব্দের মিল নয়, **সম্পূর্ণ বাক্যের অর্থের মিল**।
- কেন ছয়টা অপশনে প্রায় সবসময়ই একটা সমার্থক জোড়া থাকে যেটা বাক্যে বসে না — এবং সেটা কীভাবে চিনবেন।
- কেন সঠিক জোড়াটা মোটেও সমার্থক না-ও হতে পারে, এবং তখন সমার্থক-শিকারির চোখে সঠিক উত্তর ধরাই পড়ে না।
- একটি প্রশ্নেই দুই পদ্ধতির তুলনা — কোন ধাপে একটা শূন্য পায় আর অন্যটা পুরো নম্বর পায়।
- partial credit না থাকার হিসাব: একটা ঠিক একটা ভুল মানে ঠিক ততটাই শূন্য, যতটা দুটোই ভুল হলে।
- বাংলা গ্লসের বিশেষ ফাঁদ — দুটো ইংরেজি শব্দের বাংলা অর্থ এক লেখা থাকলে আমরা ধরে নিই শব্দ দুটো এক, যা প্রায়ই সত্যি নয়।
- prediction-first পদ্ধতির শটকাট: কখন কাজ করে, কখন করে না।
- ১৭টি সম্পূর্ণ মৌলিক আইটেমে অভ্যাস, প্রতিটির প্রতিটি ভুল অপশনের ব্যাখ্যা সহ।

17.1 ETS যা স্পষ্ট করে বলে দিয়েছে (What ETS Says Outright)

শুরু করি স্ক্রিনে যা লেখা থাকে তা দিয়ে। পরীক্ষার দিন Sentence Equivalence প্রশ্নের উপরে ঠিক এই নির্দেশনাটা থাকে — মুখস্থ করার দরকার নেই, কিন্তু প্রতিটা শব্দ বুঝে রাখা দরকার।

Sentence Equivalence — on-screen directions

Select the **two** answer choices that, when used to complete the sentence, fit the meaning of the sentence as a whole and produce completed sentences that are alike in meaning.


নির্দেশনাটায় দুটো আলাদা শর্ত আছে, এবং দুটোই একসঙ্গে মিলতে হবে:

1. **fit the meaning of the sentence as a whole** — প্রতিটি নির্বাচিত শব্দ বাক্যটার সামগ্রিক অর্থের সঙ্গে খাপ খেতে হবে। একটা শব্দ ব্যাকরণগতভাবে বসলেও যদি বাক্যের তর্কের দিকটা উল্টে দেয়, সেটা বাদ।

2. **produce completed sentences that are alike in meaning** — দুটো শব্দ বসিয়ে যে দুটো সম্পূর্ণ বাক্য পাওয়া যায়, সেই দুটো বাক্যের অর্থ এক হতে হবে।

লক্ষ করুন, দ্বিতীয় শর্তে “দুটো শব্দের অর্থ এক হতে হবে” লেখা নেই। লেখা আছে “দুটো বাক্যের অর্থ এক হতে হবে”। পার্থক্যটা শুনতে সূক্ষ্ম, কিন্তু এটাই পুরো প্রশ্ন-ধরনের কেন্দ্র — এবং এই অধ্যায়ের বাকি অংশ মূলত এই এক লাইনের ফলাফল।

ETS তারপর টিপসের তালিকার একেবারে প্রথমেই সতর্কবাণীটা রাখে: “দুটো সমার্থক শব্দ খুঁজবেন না।” এবং কারণ হিসেবে দুটো আলাদা কারণ দেয় — (ক) অপশনগুলোর মধ্যে এমন একটা সমার্থক জোড়া থাকতে পারে যা বাক্যে সঙ্গতভাবে বসে না; (খ) সঠিক জোড়াটার অর্থ ছবছ এক হওয়ার দরকার নেই — দরকার শুধু ফলাফল-বাক্য দুটোর অর্থ এক হওয়া (সূত্র: ets.org/gre)। এই দুটো কারণ এক জিনিসের দুই রূপ নয়; এরা দুটো আলাদা দিক থেকে আসা দুটো আলাদা ফাঁদ, তাই এই অধ্যায়ে দুটোর জন্য দুটো আলাদা সেকশন আর আলাদা আইটেম রাখা হয়েছে।



চিত্র ১৭.১. সমার্থক-শিকার একটাভাবে নয়, দুইভাবে ফেল করে — এবং দুই ক্ষেত্রেই ভুলটা ধরা পড়ে না, কারণ পদ্ধতিটা “কাজ করেছে” বলেই মনে হয়।

কীভাবে স্কোর হয় (How It Is Scored)

Sentence Equivalence কীভাবে নম্বর পায়: একটা Sentence Equivalence আইটেমে ঠিক দুটো অপশন বাছতে হয়, এবং **partial credit নেই** (সূত্র: ets.org/gre)। অর্থাৎ হিসাবটা এরকম:

দুটোই সঠিক	আইটেমটি সঠিক
একটি সঠিক, একটি ভুল	আইটেমটি ভুল
দুটোই ভুল	আইটেমটি ভুল
একটি মাত্র, বা তিনটি নির্বাচন	আইটেমটি ভুল


দ্বিতীয় সারিটা ভালো করে দেখুন। “প্রায় পেরেছিলাম” বলে কিছু নেই। একটা শব্দ নিখুঁতভাবে বুঝে আর দ্বিতীয়টা অনুমানে বসিয়ে দিলে আপনি ঠিক ততটাই নম্বর পান, যতটা দুটোই এলোমেলো বসালে পেতেন — শূন্য। এই কারণেই সমার্থক-শিকারের ফাঁদটা এত দামি: এটা আপনাকে অর্ধেক ঠিক হতেও দেয় না, কারণ ফাঁদের দুটো শব্দ একসঙ্গে ভুল হয়।

17.2 শব্দের মিল বনাম বাক্যের মিল (Word Match versus Sentence Match)

ETS-এর শর্তটা কেন “শব্দ সমার্থক” শর্তের চেয়ে আলাদা, সেটা একবার ছবিতে দেখে নিলে আর ভুল হবে না। দুটো আলাদা সেট কল্পনা করুন:

- **সেট S** — অপশনগুলোর ভিতর যে জোড়াগুলো **শব্দ হিসেবে** সমার্থক।
- **সেট C** — যে জোড়াগুলো বসালে **সঙ্গত এবং সমার্থ দুটো সম্পূর্ণ বাক্য** তৈরি হয়। এটাই ETS-এর আসল শর্ত, এবং এটাই উত্তর।

অনেকে ধরে নেন **S আর C এক**। আসলে এরা দুটো ছেদকারী সেট — একটা অন্যটার ভিতরে নয়। তাই তিনটে আলাদা এলাকা তৈরি হয়, আর তার দুটোতে সমার্থক-শিকার মারা পড়ে।



সেট C-ই উত্তর — সবসময়। মাঝের সোনালি অংশে S আর C মিলে যায়; ওই সহজ আইটেমগুলোতে সমার্থক-শিকার দুর্ঘটনাক্রমে কাজ করে, আর সেজন্যই পদ্ধতিটা এত দিন টিকে আছে। কিন্তু বাঁয়ের নীল অংশে সমার্থক জোড়া আছে অথচ বাক্যে বসে না, আর ডানের সবুজ অংশে সঠিক জোড়া আছে অথচ শব্দ দুটো সমার্থক নয়। কঠিন আইটেম মানেই এই দুই প্রান্তের আইটেম।

চিত্র ১৭.২. শব্দ-স্তরের মিল (S) আর বাক্য-স্তরের মিল (C) — দুটো আলাদা শর্ত। ETS শুধু C চায়। S খুঁজে C পাওয়া যায় কেবল মাঝের সোনালি অংশে।

আরেকটা দিক থেকে দেখা যাক। “বাক্য-স্তরের মিল” শর্তটা “শব্দ-স্তরের মিল” শর্তের চেয়ে **দুর্বল** শর্ত, অর্থাৎ কম দাবি করে। কারণ একটা বাক্যের প্রসঙ্গ শব্দের অনেক পার্থক্য **গিলে ফেলে**। ভাবুন: **impenetrable** মানে “ভেদ করা যায় না” আর **chaotic** মানে “বিশৃঙ্খল”। অভিধানে এরা সমার্থক নয়, কাছাকাছিও নয়। কিন্তু “the index was impenetrable” আর “the index was chaotic” — এই দুটো **বাক্য** একই কথা বলে: ওই ইনডেক্সে কিছু খুঁজে পাওয়া যায় না। ETS-এর শর্ত এখানে মেটে, যদিও শব্দ-শর্ত মেটে না।

উল্টোদিকে, প্রসঙ্গ শব্দের মিলকে **নষ্ট** করে দিতে পারে। **stringent** আর **draconian** সমার্থক, কিন্তু যদি বাক্যটা “কঠোরতা” নিয়েই না হয়, তবে ওই মিল দিয়ে কিছুই হয় না। সমার্থকতা একটা **শব্দকোষের তথ্য**; ETS-এর প্রশ্ন একটা **পাঠের প্রশ্ন**।

17.3 ফাঁদ এক — যে সমার্থক জোড়া বাক্যে বসে না (Trap One: The Synonym Pair That Does Not Fit)

এখন হাতে-কলমে। নিচের চারটে আইটেমের প্রতিটিতে একটা নিখুঁত সমার্থক জোড়া বসানো আছে, যেটা বাক্যটা প্রত্যাখ্যান করে। প্রতিটা আইটেম দু-বার সমাধান করা হয়েছে — একবার সমার্থক-শিকারির চোখে, একবার prediction-first পদ্ধতিতে। তুলনাটাই পুরো শিক্ষা।

Sentence Equivalence — Item 1

Select the **two** answer choices that, when used to complete the sentence, fit the meaning of the sentence as a whole and produce completed sentences that are alike in meaning.

1 The ministry's new guidelines were so _____ that two districts, working from the same single paragraph, arrived at opposite enforcement policies.

- (A) equivocal (C) stringent (E) succinct
(B) ambiguous (D) draconian (F) belated

সমার্থক-শিকারির পথ: চোখ অপশনে পড়ল। **stringent** আর **draconian** — দুটোরই মানে “অতিকঠোর”। চমৎকার, জোড়া পাওয়া গেছে। (C) ও (D) ক্লিক। মোট সময় ১৫ সেকেন্ড, স্কোর শূন্য।

prediction-first পথ: আগে বাক্যটা পড়ি, অপশন ঢাকা দিয়ে। কাঠামোগত সংকেত হল **so ... that** — অর্থাৎ ফাঁকা জায়গার গুণটিই ফলাফলটা ঘটাবে। ফলাফল কী? একই অনুচ্ছেদ পড়ে দুই জেলা উল্টো সিদ্ধান্তে পৌঁছেছে। কোন ধরনের লেখা থেকে দুই পাঠক দুই উল্টো অর্থ বের করতে পারে? যে লেখা **দ্বিধাগ্রস্ত, একাধিক অর্থ বহন করে**। আমার নিজের শব্দ: “অস্পষ্ট / দুই অর্থ করা যায় এমন”। এখন অপশন খুলি — (A) equivocal আর (B) ambiguous, দুটোই ঠিক এই অর্থের। উত্তর (A), (B)। সময় ৩৫ সেকেন্ড, স্কোর পূর্ণ।

উত্তর ও ব্যাখ্যা (Answer & Explanation)

উত্তর: (A) equivocal ও (B) ambiguous। দুটো সম্পূর্ণ বাক্যই বলছে: নির্দেশনাটা এতটাই দ্ব্যর্থবোধক ছিল যে দুই রকম পড়া সম্ভব হয়েছে।

কেন বাকিগুলো ভুল:

- (C) **stringent** ও (D) **draconian** — এই অধ্যায়ের ফাঁদ-জোড়া। শব্দ দুটো সত্যিই সমার্থক, আর সরকারি “guidelines”-এর সঙ্গে “কঠোর” শব্দটা এত স্বাভাবিকভাবে বসে যে হাত আপনা-আপনি ওদিকে যায়। কিন্তু কঠোরতা থেকে উল্টো ব্যাখ্যা বেরায় না — কঠোর নির্দেশনা মানে কড়া শাস্তি, একই কড়া শাস্তি দুই জেলায়। “so stringent that two districts arrived at opposite policies” বাক্যটা অর্থহীন: কারণ আর ফলাফলের মধ্যে কোনো সম্পর্ক নেই।
- (E) **succinct** — “সংক্ষিপ্ত”। বাক্যে “same single paragraph” আছে, তাই সংক্ষিপ্ততার আভাস পাওয়া যায়, এবং এটাই অপশনটার আকর্ষণ। কিন্তু সংক্ষিপ্ত মানে অস্পষ্ট নয় — একটা ছোট বাক্যও নিখুঁত সুনির্দিষ্ট হতে পারে (“ধূমপান নিষিদ্ধ”)। দ্বিতীয়ত, এর সঙ্গে জোড়া বাঁধার মতো দ্বিতীয় কোনো শব্দ নেই।
- (F) **belated** — “বিলম্বিত”। সময়ের কথা, ব্যাখ্যার কথা নয়। দেরিতে আসা নির্দেশনাও স্পষ্ট হতে পারে।

কোথায় নম্বর যায়: **so ... that** কাঠামোটা পড়ার সিদ্ধান্তে। যিনি এটা পড়েন, তিনি (C)/(D)-কে দেখেও স্পর্শ করেন না; যিনি পড়েন না, তিনি (C)/(D) ছাড়া আর কিছু দেখেনই না।

Sentence Equivalence — Item 2

Select the **two** answer choices that, when used to complete the sentence, fit the meaning of the sentence as a whole and produce completed sentences that are alike in meaning.

- 2 Although the biography runs to nine hundred pages, its treatment of the composer's final decade is oddly _____, giving barely four of them to the years that produced his best-known work.

(A) cursory (C) laudatory (E) contentious
(B) perfunctory (D) flattering (F) speculative

বাংলা বিশ্লেষণ: দুটো সংকেত। **Although** বৈপরীত্য আনছে: বইটা বিশাল — ৯০০ পৃষ্ঠা — অথচ শেষ দশকের আলোচনা মাত্র ৪ পৃষ্ঠা। আর **oddly** বলছে ব্যাপারটা অপ্রত্যাশিত। ফাঁকা জায়গার দরকার: “দৌড়ে-যাওয়া, উপর-উপর, নামমাত্র”। “barely four of them” অংশটা পরিমাণের কথা বলছে, গুণের বা মূল্যায়নের কথা নয় — এটাই সিদ্ধান্তকর।

উত্তর ও ব্যাখ্যা (Answer & Explanation)

উত্তর: (A) **cursory** ও (B) **perfunctory**। **cursory** = দ্রুত ও উপর-উপর; **perfunctory** = দায়সারা, কেবল নিয়ম রক্ষার জন্য করা। অভিধানে এরা ছবছ এক নয় — একটায় গতির জোর, অন্যটায় অনীহার জোর — কিন্তু এই বাক্যে বসালে দুটো বাক্যই একই কথা বলে: শেষ দশকটা যথাযথ মনোযোগ পায়নি।

কেন বাকিগুলো ভুল:

- (C) **laudatory** ও (D) **flattering** — ফাঁদ-জোড়া, আর এবারের আকর্ষণটা আরও বড়: দুটোই নিখুঁত সমার্থক (“প্রশংসাসূচক”), এবং “biography” শব্দটা জীবনীকারের প্রশংসা-প্রবণতার কথা মনে করিয়ে দেয়। কিন্তু বাক্যটা প্রশংসা নিয়ে একটি শব্দও বলছে না; বলছে কত পৃষ্ঠা দেওয়া হয়েছে। “its treatment is oddly laudatory, giving barely four pages” — এখানে “oddly” আর “barely four” দুটোই অকার্যকর হয়ে যায়; কম পৃষ্ঠা দেওয়া প্রশংসার প্রমাণ নয়।
- (E) **contentious** — “বিতর্কিত”। বইয়ের আলোচনা বিতর্কিত হলে পৃষ্ঠার সংখ্যা ব্যাখ্যা হয় না; ৪ পৃষ্ঠাতেও তীব্র বিতর্কিত দাবি করা যায়।
- (F) **speculative** — “অনুমানভিত্তিক”। প্রমাণের প্রশ্ন, পরিমাণের নয়। তাছাড়া (E) বা (F) কোনোটির জন্যই দ্বিতীয় সঙ্গী নেই।

কোথায় নম্বর যায়: **barely four of them** — “them” বলতে পৃষ্ঠা বোঝাচ্ছে। যিনি এই সর্বনামটা মিলিয়ে নেন, তিনি সঙ্গে সঙ্গে বুঝে যান প্রশংসা-পরিমাণের, সুতরাং প্রশংসা-জোড়া অপ্রাসঙ্গিক।

দুটো আইটেম থেকেই একটা ধরন বেরিয়ে আসছে: ফাঁদ-জোড়াটা এলোমেলোভাবে বসানো হয় না। সেটা বাক্যের বিষয়ের সঙ্গে স্বাভাবিকভাবে মেলে এমন শব্দ থেকে নেওয়া হয় — guidelines → stringent, biography → laudatory। অর্থাৎ ফাঁদটা “বিষয়-সংগতি”র উপর ভর করে বানানো, আর আপনার প্রতিরক্ষা হল “তর্ক-সংগতি”।

বিষয়ের সঙ্গে মেলে, তর্কের সঙ্গে মেলে না

(ক) যে জিনিস ফাঁদ পাতে: ছয়টা অপশনে এমন একটা সমার্থক জোড়া, যার শব্দ দুটো বাক্যের বিষয়ের সঙ্গে স্বাভাবিকভাবে যায় — আদালত নিয়ে বাক্যে “impartial/unbiased”, গবেষণা নিয়ে বাক্যে “rigorous/exacting”, কবিতা নিয়ে বাক্যে “lyrical/melodious”।

(খ) যে ভুল উত্তরটা তাড়াহুড়োর পাঠক বাছেন, এবং কেন সেটা আকর্ষণীয়: ঠিক ওই জোড়াটাই। আকর্ষণের তিনটি স্তর একসঙ্গে কাজ করে — (১) শব্দ দুটো সত্যিই সমার্থক, তাই “দুটো সমার্থক শব্দ” নিয়মটা মেনে চলার

পুরো বইটি পড়তে চান?

এই নমুনায় দেখলেন মাত্র ১৪ পৃষ্ঠা। পুরো বইয়ে ২২টি অধ্যায়, ১১৩টি চিত্র ও ডায়াগ্রাম, মোট ৪৬৩ পৃষ্ঠা — একই মান, একই যত্নে।

পুরো বইয়ের সঙ্গে পাবেন:

- ✓ প্রতিটি অধ্যায় পূর্ণাঙ্গ — ব্যাখ্যা, উদাহরণ, চিত্র ও অনুশীলন, সব উত্তরের ব্যাখ্যাসহ।
- ✓ প্রতিটি অধ্যায়ের শেষে “এক নজরে” সারাংশ ও “নিজেকে যাচাই” প্রশ্ন।
- ✓ ফাঁদ, শর্টকাট ও স্কোর-টিপ বক্স — কোথায় নম্বর হারায়, কোথায় সময় বাঁচে।
- ✓ ক্লিকযোগ্য সূচিপত্র ও বুকমার্ক; বইটি প্রিন্টও করা যায়।

The Gold Standard GRE Series — ছয়টি বই:

What is GRE?

GRE Analytical Writing

GRE Quantitative Reasoning

GRE Verbal Reasoning

GRE Vocabulary

GRE Grammar

পরীক্ষার পুরো মানচিত্র

৩০ মিনিটের Issue প্রবন্ধ

পাটিগণিত থেকে ডেটা বিশ্লেষণ

RC, Text Completion, Sentence Equivalence

১৪টি থিমে ১,১২০টি শব্দ

যে গ্রামার GRE-তে নম্বর আনে



অর্ডার করুন:

www.visabangla.com/gre



Visa Bangla
ভিসা বাংলা

Visa Bangla হলো এই ইবুকটির একমাত্র অনুমোদিত বিক্রেতা।

অননুমোদিত জায়গা থেকে কিনে প্রতারণিত হবেন না।